

# সুনান আবূ দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৪০১

২/ সালাত (নামায) (১ সালাত (১ স

পরিচ্ছেদঃ ৪. যুহরের নামাযের ওয়াক্ত।

باب وَقْتِ صَلاَةِ الظُّهْرِ

### আরবী

حَدَّثَنَا أَبُو الْوَلِيدِ الطَّيَالِسِيُّ، حَدَّثَنَا شُعْبَةُ، أَخْبَرَنِي أَبُو الْحَسَنِ، \_ قَالَ أَبُو دَاوُدَ أَبُو الْحَسَنِ هُوَ مُهَاجِرٌ \_ قَالَ سَمِعْتُ زَيْدَ بْنَ وَهْب، يَقُولُ سَمِعْتُ أَبَا ذَرِّ، يَقُولُ كُنَّا مَعَ النَّبِيِّ صَلَى الله عليه وسلم فَأَرَادَ الْمُؤذِّنُ أَنْ يُؤذِّنَ الظُّهْرَ فَقَالَ " أَبْرِدْ " . ثُمَّ أَرَادَ أَنْ يُؤذِّنَ الظُّهْرَ فَقَالَ " أَبْرِدْ " . ثُمَّ أَرَادَ أَنْ يُؤذِّنَ الظُّهْرَ فَقَالَ " أَبْرِدْ " . مَرَّتَيْنِ أَوْ ثَلاَثًا حَتَّى رَأَيْنَا فَيْءَ التُّلُولِ ثُمَّ قَالَ " إِنَّ شِدَّةَ الْحَرِّ مِنْ فَيْحِ جَهَنَّمَ فَإِذَا اشْتَدَّ الْحَرُّ فَأَبْرِدُوا بِالصَّلَاةِ " .

#### বাংলা

৪০১. আবূল ওয়ালীদ আত-তায়ালিসী .... আবূ যার (রাঃ) বলেন, আমরা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সাথে ছিলাম। মুআযযিন যুহরের নামাযের আযান দিতে প্রস্তুত হলে তিনি বলেনঃ ঠান্ডা হতে দাও (অর্থাৎ রোদের প্রখরতা একটু নিস্তেজ হোক)। কিছুক্ষণ পর মুআযযিন পুনরায় আযান দিতে চাইলে তিনি আবার বলেন, ঠান্ডা হতে দাও। রাবী বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম একথা দুই অথবা তিনবার বলেন। এমতাবস্থায় যুহয়ের নামাযের সময় প্রায় শেষ বলে প্রতিয়মান হল। তখন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ 'নিশ্চয়ই প্রচন্ড গরম জাহান্নামের প্রচন্ড তাপের অংশ বিশেষ।' অতএব যখন অত্যধিক গরম পড়বে তখন যুহরের নামায বিলম্বে আদায় করবে। (বুখারী, মুসলিম, তিরমিযী)

### **English**

#### Abu Dharr said:

We were in the company of the Prophet (). The mu'adhdhin intended to call for the Zuhr prayer. He said: Make it cooler. He then intended to call for prayer. He said twice or thrice: Make it cooler. We then witnessed the shadow of the mounds. He then said: The intensity of heat comes from the bubbling over of the Hell; so when the heat is violent, offer (the Zuhr)



## prayer when it becomes cooler.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আবূ যার আল-গিফারী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন